

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।


তারিখঃ- ০৯.০৩.২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

সাতকানিয়া সরকারি কলেজের সম্মানিত শিক্ষকবৃন্দ, ছাত্র-ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে “মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে আগামী ১২.০৩.২০২২ তারিখ, শনিবার সাতকানিয়া সরকারি কলেজ নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করেছে :

- * কবিতা আবৃত্তি, বিষয় : স্বাধীনতা তুমি- শামসুর রাহমান।
- * সংগীত (গান), গানের নাম : বঙ্গবন্ধু ফিরে এলে তোমার স্বপ্নের স্বাধীন বাংলায়,
কথা : মোঃ আবেদুর রহমান, সুর- সুধীন দাস গুপ্ত।
- * রচনা প্রতিযোগিতা, বিষয় : বঙ্গবন্ধু ও বাংলাদেশের স্বাধীনতা। (৫০০ শব্দের মধ্যে)
- * কুইজ প্রতিযোগিতা, বিষয় : বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- * আলোচনা সভা।
- * মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।
- * বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা ও যুদ্ধকালীন সময়ের স্মৃতিচারণ।
- * শপথ গ্রহণ।
- * ছাত্র, শিক্ষক, কর্মচারী সমন্বয়ে র্যালী।
- * বৃক্ষ রোপন কর্মসূচি
- * বিশেষ মোনাজাত : বাদ আছর, কলেজ মসজিদ।
- * পুরস্কার বিতরণ।

অংশগ্রহণ ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে আগামী ১০.০৩.২০২২ ইং তারিখ ১.০০ টার সময় উপস্থিত থেকে শিক্ষক পরিষদের অফিস সহায়ক জনাব ধীমান নন্দী এর নিকট নাম, শ্রেণি, রোল, শিক্ষাবর্ষ ও মোবাইল নম্বর জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো এবং ঐ দিন ছাত্র মিলনায়তনে প্রতিযোগিতার সকল বিষয়ের উপর প্রস্তুতিমূলক প্রশিক্ষণ ও সকল বিষয়ের নমুনাপত্র প্রতিযোগীদের সরবরাহ করা হবে।



(প্রফেসর আবু রায়হান মোঃ আশিকুর রহমান)

আইডি নং- ১৫৩৪

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

বিঃ দ্রঃ উল্লিখিত কর্মসূচিতে সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্যবিধি মেনে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।